# ৩

দৈনিক ইনকিলাব

তারিখ 24 JUN 1997

পৃষ্ঠা ১২ কলাম ১

### ছাত্র লীগের বিরুদ্ধে সন্ত্রাসের অভিযোগ

# রাজশাহী কলেজে শতাধিক শিক্ষক লাঞ্ছিত : হোস্টেল সুপারদের পদত্যাগ

রাজশাহী অফিস : রাজশাহী কলেজ হোস্টেলে অবৈধ সীট দখলের ঘটনাকে কেন্দ্র করে কলেজে উত্তেজনা বিরাজ করছে। অবৈধ দখলদারদের কবল থেকে সীট উদ্ধার করতে গিয়ে সন্ত্রাসীদের হাতে কলেজের শতাধিক শিক্ষক লাঞ্ছিত হয়েছেন। ঘটনার প্রতিবাদে হোস্টেল সুপারগণ পদত্যাগ করেছেন। স্টাফ কাউন্সিলের সভায় এ সন্ত্রাসী ঘটনার নিন্দা জানানো হয়েছে।

গতকাল সন্ধ্যায় রাজশাহী কলেজ ছাত্র ঐক্য পরিষদ আহূত এক সাংবাদিক সম্মেলনে নেতৃবৃন্দ বলেন, সরকারী মদদপুষ্ট ছাত্র সংগঠন ছাত্র লীগ কর্মীরা নিউ ব্লকের কয়েকটি কক্ষ দখল করে রেখেছিল। অবৈধ দখল থেকে সীটগুলো মুক্ত করে সাধারণ ছাত্রদের মধ্যে তা বন্টনের জন্য অপরাপর ছাত্র সংগঠনের নেতাদের সাথে বৈঠকের সিদ্ধান্ত-মোতাবেক কলেজ কর্তৃপক্ষ অবৈধ ছাত্রদের রুম ছাড়ার নির্দেশ দেয়। ছাত্র লীগ বাদে সকল সংগঠন এ সিদ্ধান্তকে স্বাগত জানায়। সিদ্ধান্ত অনুযায়ী ২২ জুন শতাধিক শিক্ষক দুপুরে হোস্টেলে গেলে শিক্ষকদের অকথ্য ভাষায় গালিগালাজ ও ধাক্কা মেরে জোর পূর্বক বের করে দেয়া হয়। পুলিশের সামনে এ ধরনের ন্যক্কারজনক ঘটনা ঘটে।

সাংবাদিক সম্মেলনে বলা হয়, ঐতিহ্যবাহী রাজশাহী কলেজে দীর্ঘদিন যাবত একটি সন্ত্রাসী চক্রের দ্বারা অচলাবস্থার দিকে ধাবিত হচ্ছে। বিগত কয়েক মাস ধরে লক্ষ্য করা যাচ্ছে, রাজশাহী কলেজ মহিলা হোস্টেল ও প্রধান ছাত্রাবাসে সন্ত্রাসী চক্র একের পর এক মেধাবী ও বৈধ ছাত্র-ছাত্রীদের রুম থেকে বের করে সীট দখল করছে। তাছাড়া কলেজে উন্নয়নমূলক কোন কর্মকান্ড যেমন প্রশাসনিক ভবন মেরামত কাজে চাঁদা নেয়া, অবৈধভাবে কলেজ চত্বরে সন্ধ্যার পর নেশা করে ছাত্রাবাস ও সাধারণ ছাত্রদেরকে অন্যায়ভাবে গালিগালাজ নিত্য দিনের ঘটনা হয়ে দাঁড়িয়েছে।

ছাত্র ঐক্য পরিষদ এ সকল অন্যায়-অত্যাচার ও শিক্ষক অপমানের তীব্র প্রতিবাদ এবং অচলাবস্থা নিরসনে প্রশাসনের দৃষ্টি আকর্ষণ করে বলেছে, নচেৎ ছাত্র সংগঠনসমূহ বাধ্য হয়ে ধর্মঘটসহ বৃহত্তর কর্মসূচী ঘোষণা করবে। সাংবাদিক সম্মেলনে উপস্থিত ছিলেন ছাত্র দল, ছাত্র মৈত্রী, জাসদ, ছাত্র লীগ নেতৃবৃন্দ। ইসলামী ছাত্র শিবির ঘটনার নিন্দা জানিয়ে বিবৃতি দিয়েছে। বিভিন্ন সংগঠনের নেতৃবৃন্দ সরকারী মদদপুষ্ট ছাত্র সংগঠন ছাত্র লীগের সন্ত্রাসী তৎপরতার নিন্দা করেছে। অপর দিকে ছাত্র লীগ মহানগর শাখার সভাপতি নাইমুল হুদা রানা ও সাধারণ সম্পাদক মির্জা মাহেন আলী শোভা কলেজ হোস্টেলে সীট বরাদ্দের ক্ষেত্রে ছাত্র-ছাত্রীদের হয়রানি এবং অধ্যক্ষের পক্ষপাতমূলক আচরণের নিন্দা জানিয়েছে।